মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ডে নির্বাচনী অফিস উদ্বোধন

মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগের মনোনীত সংসদ সদস্য প্রার্থী ফরহাদ হোসেনের নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

আজ মঙ্গলবার রাতে মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড নতুন পাড়া মোড়ে নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহীন তানিমের সঞ্চালনায় মেহেরপুর পৌরসভার ১নং ওর্য়াড নতুন পাড়া আওয়ামী লীগের সভাপতি আনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ, তানসেন, হায়াৎ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৮৭ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরে র্যাবের অভিযানে ৮৭ পিস ইয়াবা ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী র্যাব সিপিসি ১২ র একটি দল।

গতকাল সোমবার (১৮ ডিসেম্বর) রাত ১০ টার দিকে গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান চালিয়ে আনিছুর রহমান হিড়কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী মোঃ আনিছুর রহমান হিড়(৩৩),গাংনী থানার মোহাম্মদপুর বাগানপাড়া গ্রামের মোঃ আসাদুল হিড়ের ছেলে।

গাংনী র্যাব সিপিসি ১২ ক্যাম্পের কোম্পানীর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, অতিরিক্ত ডিআইজি (অধিনায়ক র্যাব-১২) মোঃ মারুফ হোসেন পিপিএমের নির্দেশনায় একটি চৌকষ দল গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান পরিচালনা করে ৮৭ (সাতাশি) পিস ইয়াবা ট্যাবলেট সহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার সকালের দিকে গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে পুলিশ সুপারের মতবিনিময়

মেহেরপুরের বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার এস এম নাজমুল হক।

আজ সোমবার দুপুর ১২টায় পুলিশ সুপারের কনফারেন্সে রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খানের সঞ্চালনায় মেহেরপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি আলামিন হোসেন, সাবেক সভাপতি ফারুক হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, দেশ রুপান্তর প্রতিনিধি তুহিন আরন্য, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম।

আলোচনায় সাংবাদিকরা মেহেরপুরের অনলাইন জুয়া, মাদক পাচার, ডলাল

পাচার, সোনা পাচার, মানব পাচার, ছিনতাই, চুরিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের বর্তমান পরিস্থিতি তুলে ধরেন। একই সঙ্গে চলমান দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা এবং পুলিশের ভুমিকা নিয়েও আলোচনা করেন।

পুলিশ সুপার এস এম নাজমুল হক তাঁর বক্তব্যে বলেন, জনগণের সার্বিক নিরাপত্তা নিয়ে পুলিশ আরো বেশি ভুমিকা পালন করবে। সড়ক দুর্ঘটনা রোধে টেকসই পদ্ধতি গ্রহণ করা হবে যাতে রোধ করা সম্ভব হয়। অনলাইন জুয়া, মাদক, মানবপাচারসহ শান্তিপূর্ণ মেহেরপুর গড়ে তোলার লক্ষে সাংবাদিকদের সকল প্রকার সহযোগীতায় কামনা করেন।

মেহেরপুরের বারাদীতে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশনের আয়োজনে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার দিকে বারাদীর তৃণমূল মডেল একাডেমীতে,গনসাক্ষরতা অভিযানে সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সভাপতি আইনাল হকের সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সহ-সভাপতি গোলাম মোস্তফা শান্তি,ওয়াচ সদস্য ছাকন উদ্দিন, সমাজসেবক বুলবুলি খাতুন ও আনোয়ার, সাংবাদিক সাইফুল ইসলাম প্রমুখ।

এসময় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য

দূরকরণ,প্রান্তিক শিশুদের বিদ্যালয়ে ফেরানোর, ঝরেপড়া শিশুদের বিদ্যালয়ে ফেরানোর চেষ্টা করা, জনগোষ্ঠির শিশুদের বিষয়ে নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। অনুষ্ঠাটির স্বার্বিক দায়িত্বে ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম এর সহকারী প্রোগ্রাম অফিসার মোছাঃ আফরোজা আক্তার।

মেহেরপুরে দুইটি আসনে প্রতীক পেলেন ১৩ প্রার্থী

মেহেরপুরে দুইটি সংসদীয় আসনে ১৩ প্রার্থীর মাঝে প্রতীক বরাদ্দ করেছেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক শামীম হাসান। ১৩ জনের মধ্যে ১০ জনকে দলীয় প্রতীক দেওয়া হয় এবং স্বতন্ত্র তিন জন তাদের নিজের পছন্দের প্রতীক আবেদন করলে তা বরাদ্দ দেওয়া হয়।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়। এসময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে (নৌকা), জাতীয় পার্টি মনোনীত প্রার্থী আব্দুল হামিদকে (লাঙ্গল), এনপিপি তরিকুল ইসলামকে (আম), সাংস্কৃতিক মুক্তিজোটের প্রার্থী বাবলু জোমকে (ছড়ি), স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানকে (ট্রাক) ও জয়নাল আবেদীনকে (ঈগল পাখি) প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

পরে দুপুর ১২ টার সময় মেহেরপুর-২ (গাংনী) আসনে প্রার্থীদের মধ্যে নির্বাচনী প্রতীক দেওয়া হয়। এসময় আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আবু সালেহ মোঃ নাজমুল হককে (নৌকা), জাতীয়র পার্টির কেতাব আলীকে (লাঙ্গল), তৃণমূল বিএনপির প্রার্থী আব্দুল গণীকে (সোনালি আঁশ), সাংস্কৃতিক মুক্তিজোটের মো: শাহজামালকে (ছড়ি), এনপিপির প্রার্থী গোলাম রসুলকে (আম), বাংলাদেশ কংগ্রেসের প্রার্থী আল ফারুককে (ডাব) ও স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী মকবুল হোসেনকে (ট্রাক) প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক অধিবাসী দিবস উপলক্ষে আলোচনা সভা

‘প্রবাসী কর্মীরা উন্নয়নের অংশীদার সমুন্নত রাখবো তাদের অধিকার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে আজ সোমবার ১৮ ডিসেম্বর সকাল দশটার সময় আন্তর্জাতিক অধিবাসী দিবস ২০২৩ উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভা উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এজেএম সিরাজুম মূনীর, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)র অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ আরিফ হোসেন তালুকদার।

সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)র অধিবাসী প্রশিক্ষণ মোঃ আমির হোসেন, আনিসুর রহমান মাসুদ, পারভেজ ইসলাম, মনির হোসেন প্রমুখ।

মেহেরপুরে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত ইমামগণদের সম্মেলন অনুষ্ঠিত

ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার ১৭ ডিসেম্বর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশনের

আয়োজনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো: আলমগীর হোসেন, মেহেরপুর সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা মীর মোঃ জাকির হোসেন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন ।

আরো উপস্থিত ছিলেন জেলা নিরাপত্তা খাদ্য অফিসার মোঃ রিয়াজ মাহমুদ রাব্বি, পল্লী সঞ্চালয় ব্যাংক মেহেরপুর জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

অনুষ্ঠান শেষে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত ২৪ জন ইমামের হাতে চেক তুলে দেন প্রধান অতিথিসহ উপস্থিত অতিথিগণরা।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানে আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় স্থানীয় সরকার বিভাগের উপ

পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ রুমন,লিউজা-উল জান্নাহ,টিটিসি’র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার,জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত,নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

মুজিবনগর-মেহেরপুর প্রধান সড়কে বাইসাইকেল ও মোটরসাইকেলের মুখোমুখী সংঘর্ষে মোটরসাইকেল চালক ও বাইকে বাইসাইকেল চালকক আহত হয়েছে।

আজ শনিবার ১৬ই ডিসেম্বর বিকেল সাড়ে চারটার সময় এই দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল চালক মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বিষ্ণু মন্ডল এর ছেলে প্রিন্স মন্ডল(১৯) এবং বাইসাইকেল চালক ভবরপাড়া গ্রামের মৃত রহমান দফাদারের ছেলে পাঁচু দফাদার(৬০)।

ঘটনা সূত্রে জানা যায়,ভবর পাড়ার পাঁচু দফাদার বাইসাইকেল নিয়ে কেদারগঞ্জ বাজার থেকে বাড়ির উদ্দেশ্যে যাচ্ছিলেন। এ সময় তিনি মুজিবনগর থানা সড়কের কাছাকাছি মানিকনগর গ্রামের নিকট পৌঁছালে পিছনদিক থেকে আশা একটি দ্রুতগতির মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে বাইসাইকেল চালক পাঁচু দফাদার সহ মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডল রাস্তার পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয়রা আহতদেরকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক বাইসাইকেল চালক পাঁচু দফাদারের অবস্থা বেগতিক দেখে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন এবং মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডলের অবস্থা গুরুতর না হওয়ায় তাকে স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেন।

এই বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জল কুমার দত্ত জানান, বাইসাইকেল ও মোটরসাইকেলের দুর্ঘটনার বিষয়ে আমরা অবগত আছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে আইনি প্রক্রিয়া চলমান এবং দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে।

কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের উদ্দ্যেশে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্নয়

মহান বিজয় দিবস উপলক্ষে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের গাংনীর নওপাড়াতে বিনামূল্যে ২০০ জনের গ্রুপ নির্নয় করা হয়েছে। গতকাল শনিবার সকাল থেকে দিনব্যাপি এই গ্রুপ নির্নয় চলমান রেখেছিলেন।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন (কইঋ)’ একটি স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন। ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ ‘এরভঃ ষরভব, মরাব নষড়ড়ফ’ এ শ্লোগান নিয়ে ১লা জানুয়ারী, ২০২৩ তারিখ স্বেচ্ছায় রক্তদানকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার প্রত্যয় নিয়ে -এর শুভ সূচনা ।

ইতিমধ্যে সামাজিক এই সংগঠন নিজ গ্রাম ইউনিয়ন নিয়ে কার্ক্রম শুরু করলেও বর্তমানে সাড়া ফেলেছে দেশের গুরুত্বপূর্ন কয়েকটি জোনে। কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ মেহেরপুর, কুষ্টিয়া, রাজশাহী ও ঢাকা জোনকে সহায়তা করার জন্য নিয়মিত রক্তদাতা সংগ্রহ, বিনামূল্যে রক্তের গ্রুপিং প্রোগ্রাম, সমাবেশ, কর্মশালার আয়োজন ও রক্তদাতাদের সম্মান জানানোর পাশাপাশি নতুনদের রক্তদানে অনুপ্রাণিত করার জন্য কাজ করে চলেছেন।

এ বিষয়ে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম জানান আমরা সেই দিনের স্বপ্ন দেখি যেদিন বাংলাদেশের প্রতিটি মানুষ তাদের রক্তের গ্রুপ জানতে পারবে এবং স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসবে।

“রক্ত দান করলে কোন ক্ষতি হয় না”আসুন চার মাস মেয়াদে রক্তদান করি। ‘আমরা কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে যে ধরনের কার্যক্রম সমূহ চলমান রেখেছি তা হলো, ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’
- এর স্বেচ্ছাসেবকরা মেহেরপুর জেলার গ্রাম গুলোতে রক্তদানের উপকারিতা ও রক্তের গুরুত্ব মানুষের মাঝে তুলে ধরার জন্য বিভিন্ন ধরনের ক্যাম্পেইন ও ভিডিও প্রদর্শনী করে থাকে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে সেখানে ২০০ জন বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা গ্রহণ করে।

এমন গুরুত্বপূর্ণ দিবসে আমরা কার্যক্রম পরিচালনা করি। ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ এখন পর্যন্ত ৪০০ জন মুমূর্ষ রোগীর প্রাণ বাচাতে স্বেচ্ছায় রক্তদান করেছে।

তবে এই মানবিক কাজ যে মানুষগুলো দিনরাত শ্রম দিয়ে চলমান রেখেছে তাদের মধ্যে অন্যতম প্রতিষ্ঠাতা ও পরিচালক মোঃ নাছিম আহমেদ, সভাপতি মোঃ বাশারুল ইসলাম,সহ-সভাপতি মোঃ মিঠন রানা,সাধারণ সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন (সাজু),যুগ্ন সাধারণ সম্পাদক মোঃ তুহিন রানা,যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ সোনিয়া খাতুন, যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ ফারজানা দীপা, সাংগঠনিক সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ মফিজুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মোছাঃ সাদিয়া ইসলাম, সাংগঠনিক সম্পাদক ফারিহা মুসতাকি রিয়া, অর্থসম্পাদক মোঃ আকাশ আহাম্মেদ, দপ্তর সম্পাদক আবদুল্লাহ আল মামুন, উপ-দপ্তর সম্পাদক মোঃ মেনন আলী, প্রচার সম্পাদক মোঃ রায়হান আলী, উপ-প্রচার সম্পাদক মোঃ সোহরাব আলী, স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ ইভা খাতুন, উপ স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ তাসমিনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোছাঃ মোহনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোঃ ফয়সাল হোসেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ চম্পা খাতুন,তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তায়েবা উর্মি সহ আরো অনেক সদস্যবৃন্দ।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন -এর স্বেচ্ছাসেবীরা সুধুমাত্র ব্লাড সংগ্রহের কাজ করেই থেমে নেই পাশাপাশি তারা নিজ এলাকাতে নানা ধরণের সামাজিক কার্যক্রম পরিচালনা করে। এবং বিভিন্ন সমস্যা খুজে বের করে ও বিত্তবান সহ জনপ্রতিনিধিদের সাথে সহযোগিতা নিয়ে সামাজিক অতিদরিদ্র ব্যাক্তিদের তার সমাধান করে থাকে। তারই পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলার কিছু তরুন-তরুনী সম্মিলিত ভাবে

মুমূর্ষ রোগীর জীবন বাচাতে যে রক্তের প্রয়োজন তার যোগান দিবে তারাই । এই লক্ষ নিয়ে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগী স্বেচ্ছাসেবী সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের একাংশ কাথুলী ইয়ুথ লিডাররা একটি অনলাইন প্লাটফর্ম তৈরী করে থাকে।যার মাধ্যমে ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’।বর্তমানে কাথুলী ব্লাড ফাউন্ডেশন -এর ১৫০০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদানের জন্য সার্বক্ষনিক প্রস্তুত রয়েছে।

কোন অসহায় মানুষ যেন রক্তের অভাবে মৃত্যু না হয় সেই লক্ষ্য তাদের কার্যক্রম চলমান প্রক্রিয়া থাকবে।